

## 🗏 আল-কিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫: ২১

💵 আরবি মূল আয়াত:

وَ تَذَرُونَ الأَخِرَةَ ﴿ ٢١٣﴾

## 

আর তোমরা ছেড়ে দিচ্ছ আখিরাতকে। — আল-বায়ান

আর আখিরাতকে উপেক্ষা কর। — তাইসিরুল

এবং আখিরাতকে উপেক্ষা কর। — মুজিবুর রহমান

And leave the Hereafter. — Sahih International

## ২১. আর তোমরা আখেরাতকে উপেক্ষা কর।(১)

(১) অর্থাৎ মানুষ আখেরাত অস্বীকার করে কারণ তারা সংকীর্ণমনা ও স্বল্পবৃদ্ধি সম্পন্ধ; তাই তাদের দৃষ্টি কেবল এ দুনিয়ার ফলাফলের প্রতি নিবদ্ধ থাকে। আর আখেরাতে যে ফলাফলের প্রকাশ ঘটবে তাকে তারা আদৌ কোন গুরুত্ব দেয় না। তারা মনে করে, যে স্বার্থ বা ভোগের উপকরণ বা আনন্দ এখানে লাভ করা সম্ভব তারই অম্বেষণে সবটুকু পরিশ্রম করা এবং প্রচেষ্টা চালানো উচিত, এভাবে তারা দুনিয়াকে চিরস্থায়ী মনে করে। [ইবন কাসীর; মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

## (২১) এবং পরকালকে উপেক্ষা কর। [1]

[1] অর্থাৎ, কিয়ামতের দিনকে মিথ্যা ভাব, আল্লাহর অবতীর্ণকৃত বিষয়ের বিরোধিতা কর এবং সত্য থেকে এই জন্যই মুখ ফিরিয়ে নাও যে, তোমরা দুনিয়ার জীবনকেই সব কিছু ভেবে নিয়েছ এবং আখেরাতকে তোমরা একেবারে ভুলে গেছ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5572

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন